

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ০৭/২০১১

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ২৫/০১/২০১১খ্রিঃ

১২ মাঘ, ১৪১৭ বাংলা।

কাস্টম হাউস(আমদানি) চট্টগ্রাম এর অফিস আদেশ স্মারক নং-এস ১৫-২২/জেনারেল/লাইঃ/ইস্পাঃ/৭৬-৯২ (অংশ-৩)/১৩(০৩)কাস, তারিখঃ ২৩/০১/২০১১ সকল সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হইল।

স্বাক্ষরিত/-

এম রহমান

উপ-সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস(আমদানি), চট্টগ্রাম।

ঃ আদেশ ঃ

বিষয় ঃ দি কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ এর বিধি-১১ অনুযায়ী কাস্টমস্ এজেন্টস্ লাইসেন্স নবায়ন প্রসঙ্গে।

সূত্র ঃ (১) এ দপ্তরের পত্র নং-এস ১৫-২২/জেনারেল/লাইঃ/ইস্পাঃ/৭৬-৯২(অংশ-৩)/৫৩০, তারিখঃ ১৪/১০/২০১০।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণবিজ্ঞপ্তি নং-০১, তারিখ ১৪-১০-২০১০ খ্রিঃ মোতাবেক যে সকল সিএন্ডএফ এজেন্ট, সেক্স ক্লিয়ারিং এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডিং লাইসেন্স ও শিপিং এজেন্টগণ আগামী ০৪(চার) বছর অর্থাৎ ২০১১-২০১৪ সনের জন্য এজেন্সী লাইসেন্স নবায়নের আবেদন দাখিল করেছেন। সে সকল এজেন্টগণের লাইসেন্স নবায়নের ফি এর উপর নিম্নলিখিত আরোপিত শর্তসমূহ পালন করতে হবে।

০২। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর আওতায় জারীকৃত মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১(সংশোধিত) এর বিধি-১৮ ও, অনুযায়ী এজেন্সী লাইসেন্স/সরকার পারমিট প্রদান বা নবায়ন ক্ষেত্রে প্রযোজ্য যে কোন বিবিধ ফি, রয়ালটি, চার্জের ক্ষেত্রে ০১-০৭-২০১০খ্রিঃ হতে মূল্য সংযোজন কর আরোপ করা হয়েছে। উহার ভিত্তিতে সিএন্ডএফ এজেন্ট লাইসেন্স, সেক্স ক্লিয়ারিং এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডিং লাইসেন্স ও শিপিং লাইসেন্স, এবং কাস্টম সরকার পারমিট নবায়নের ফি এর উপর ১৫% হারে মূল্য সংযোজন কর প্রযোজ্য।

০৩। এমতাবস্থায় সিএন্ডএফ এজেন্সী লাইসেন্স, সেক্স ক্লিয়ারিং এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডিং লাইসেন্স ও শিপিং লাইসেন্স, এবং কাস্টম সরকার লাইসেন্স নবায়ন ফি এর উপর ১৫% হারে মুসক পরিশোধ সংক্রান্ত দলিলাদিসহ নবায়নের জন্য আবেদন করতে অনুরোধ করা হলো।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

যুগ্ম কমিশনার

ও

চেয়ারম্যান, লাইসেন্সিং কর্তৃপক্ষ
কাস্টম হাউস(আমদানি), চট্টগ্রাম।

নথি নং-এস ১৫-২২/জেনারেল/লাইঃ/ইস্পাঃ/৭৬-৯২(অংশ-৩)/১৩(০৩)কাস,

তারিখঃ ২৩/০১/২০১১

পৃষ্ঠা নং-০৮